

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 জনপ্রশাসন মন্ত্রণালয়  
 অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নং- ০৫.০০.০০০০.২০১.০২৫.০১৪.২০১৫-২১৭


তারিখঃ ৩১ জৈষ্ঠ ১৪২২  
 ১৪ জুন ২০১৫

বিষয়ঃ বিসিএস প্রশাসন একাডেমিতে অনুষ্ঠিয়ে ১৭তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সে (প্রশাসন ক্যাডার ব্যতীত উপ-সচিবগণের) প্রশিক্ষণার্থী মনোনয়ন আহবান।

বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকায় আগামী ০৯ আগস্ট ২০১৫ হতে ০৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত ০৪(চার) সপ্তাহ মেয়াদে ১৭তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা (প্রশাসন ক্যাডার ব্যতীত উপ-সচিবগণের) কোর্স অনুষ্ঠিত হবে। ১৭তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন প্রশাসন ক্যাডার ব্যতীত উপ-সচিব পর্যায়ের যে সকল কর্মকর্তা উক্ত কোর্স সম্পন্ন করেননি তাঁদের নামের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ৩০-০৬-২০১৫ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে (দ্বিতীয় আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, কক্ষ নং-১৭, ভবন নং-০১, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	পরিচিতি নং	কর্মকর্তার নাম	পদবি	কর্মসূল	ছক		মন্তব্য	মোবাইল নং
					ব্যাচ নং	বর্তমান বয়স		

- ২। বিবেচ্য প্রশিক্ষণকালে যদি কোন কর্মকর্তা অন্য কোন প্রশিক্ষণে প্রশিক্ষণরত থাকেন, তা উপর্যুক্ত ছকের মন্তব্য কলামে সুনির্দিষ্টভাবে উল্লেখ করার জন্য অনুরোধ করা হল।
- ৩। উল্লেখ্য যে, কর্মকর্তাদের তালিকা পাওয়ার পর কোর্সে অংশগ্রহণের জন্য এ মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে।

  
 ১৪.৬.২০

(শাহে এলিদ মাইনুল আমিন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৫৬৮৫২

Sasit2@mopa.gov.bd

#### প্রাপক

- ১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাণ সচিব.....মন্ত্রণালয়/বিভাগ।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/যুক্তনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।

#### অনুলিপি(জ্যোষ্ঠতা অনুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব(সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্ম-সচিব (প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবের সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস কপি।